গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট-২ শাখা
www.rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৬.২০.০০৩.২১.৮৮ তারিখ: ৪ আশ্বিন ১৪২৮
১৯ সেপ্টেম্বর ২০২১

বিষয়: গত ১৪.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যবিবরণী।
(1253/potrojariAttachmentRef/7893/0/95) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরের কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রতিবেদন পর্যালোচনার নিমিত্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ মশিউর রহমান, এনডিসি এর সভাপতিত্বে গত ১৪.০৯.২০২১ তারিখ বিকাল ২.৩০ ঘটিকায় বাজেট ব্যবস্থাপনা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে। (1254/potrojariAttachmentRef/7893/0/95)

১৯-৯-২০২১
নূরুন নাহার
উপসচিব

বিতরণ :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
৬) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
৭) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
৮) মহাপরিচালক , মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
৯) প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায় (সিভিডিপি-৩), সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
১০) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)
১১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
১২) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
১৩) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৪) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৫) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৬) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।

১৭) নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন ও সমবায় ফেডারেশন, মতিঝিল, বা/এ, ঢাকা।

১৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট শাখা-২

বিষয়ঃ- ১৪.০৯.২০২১ তারিখ অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থ বছরের কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত ১৪.০৯.২০২১ তারিখ দুপুর ২.৩০ ঘটিকায় বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা অনলাইন প্লাটফর্মে এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ মশিউর রহমান এনডিসি। উক্ত সভায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী(বার্ড), কুমিল্লা, পল্লী উন্নয়ন একাডেমী(আরডিএ), বগুড়া, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা) এবং বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন ও সমবায় ফেডারেশন এর কর্মকর্তাবৃন্দ অনলাইনে সংযুক্ত ছিলেন এবং এ বিভাগ ও অন্যান্য দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ এ বিভাগের সম্মেলন কক্ষে উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** সদয় দ্রষ্টব্য।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য এ বিভাগের উপসচিব (বাজেট)-কে অনুরোধ জানান। এ বিভাগের উপসচিব (বাজেট) সভায় উল্লেখ করেন যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার জন্য ২০২১-২২ অর্থ বছরের বাজেটে সর্বমোট ১৭৯১ কোটি ৩৬ লক্ষ টাকা (পরিচালনঃ ৬৫২ কোটি ০৩ লক্ষ এবং উন্নয়নঃ ১১৩৯ কোটি ৩৩ লক্ষ টাকা তন্মধ্যে অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ ৪৯০.৮৯ লক্ষ টাকা) বরাদ্দ পাওয়া যায়। অর্থ বিভাগ কর্তৃক গত ২৪.০৮.২০২১ তারিখে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ বিষয়ে এক পরিপত্র জারী করে। উক্ত পরিপত্রে বাজেটের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে (ক) পরিপত্রে প্রদত্ত নির্দেশনা অনুসরণে কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় ত্রৈমাসিকভিত্তিতে বাজেট বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ; এবং (খ) বাজেট বাস্তবায়ন পরিকল্পনা ও প্রত্যেক প্রান্তিক শেষ হওয়ার পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। অর্থ বিভাগের পরিপত্রের আলোকে এ বিভাগ (সচিবালয় অংশ) ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং প্রকল্পসমূহের ২০২১-২২ অর্থ বছরের কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা এ বিভাগে পাওয়া গেছে। অর্থ বিভাগের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী এ বিভাগের ২০২১-২২ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পর্যালোচনা করা প্রয়োজন। অতঃপর তিনি ২০২১-২২ অর্থ বছরের বাজেটে এ বিভাগ (সচিবালয় অংশ) ও আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের অনুন্নয়ন বাজেট এবং উন্নয়ন বাজেটে বরাদ্দকৃত অর্থের বাস্তবায়ন পরিকল্পনার একটি সংক্ষিপ্ত-সার সভায় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন **(পরিশিষ্ট-খ)**।

০৩। সভায় উল্লেখ করা হয় যে, এ বিভাগ (সচিবালয় অংশ) ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং প্রকল্পসমূহের বিপরীতে চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেটে বরাদ্দকৃত মোট অর্থের ২৫.৫০% ১ম কোয়ার্টারে (পরিচালনঃ ২৩.৮৮% ও উন্নয়নঃ ২৭.১২%), ২৬.০৮% ২য় কোয়ার্টারে (পরিচালনঃ ২৩.৮১% ও উন্নয়নঃ ২৮.৪১%), ২২.৮৮% ৩য় কোয়ার্টারে (পরিচালনঃ ২৩.৫২% ও উন্নয়নঃ ২২.২৪%) এবং ২৫.৫২% ৪র্থ কোয়ার্টারে (পরিচালনঃ ২৮.৭৮% ও উন্নয়নঃ ২২.২৪%) ব্যয়ের পরিকল্পনা করা হয়েছে। সভায় ২০২১-২২ অর্থ বছরের বাজেট বাস্তবায়নের জন্য প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী আগ্রগতি অর্জন এবং বছর শেষে বাজেট বাস্তবায়ন অগ্রগতির হার শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে এখন হতেই দপ্তর/ সংস্থাসমূহের পরিচালন বাজেট এবং উন্নয়ন প্রকল্পসমূহের জন্য প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

চলমান পাতা-২

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪.১ চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদন করা হলো;

৪.২ চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

৪.৩ ২০২১-২২ অর্থ বছরের বাজেট বাস্তবায়নের হার শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে এখন হতেই দপ্তর/ সংস্থাসমূহের পরিচালন বাজেট এবং উন্নয়ন প্রকল্পসমূহের জন্য প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মশিউর রহমান এনডিসি)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি